# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2022-23

## BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও।**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক -১

১। 'কন্টক গাড়ি কমল সম পদতল/মঞ্জীর চীরহি ঝাঁপি' – কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? পদটি বিশ্লেষণ করে এই পর্যায়ের পদে কবির কৃতিত্ব বিচার করো। ১+১+৮

অথবা

ঐশ্বর্য ও মাধুর্যভাবের সমন্বয়ে চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলী সাহিত্য কাব্যরসময় হয়ে উঠেছে – আলোচনা করো। ১০

### একক -২

২। 'বাঙালির ঘরের কথাই বড় হ'য়ে দেখা দিয়েছে শাক্ত পদাবলীতে' – পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

অথবা

'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।' – পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

### একক -৩

৩। "ভাঁড়ু দত্ত বাংলা সাহিত্যে অনন্য সংযোজন।" – পঠিত কাব্যাংশ অনুসরণে ভাঁড়ু দত্তের অনন্যতা ও এই চরিত্র-সৃষ্টিতে কবিকঙ্কনের কৃতিত্ব বিচার করো। ৫+৫

অথবা

"আধুনিক কালে জন্মালে ঔপন্যাসিক হতেন মুকুন্দ চক্রবর্তী" – 'চণ্ডীমঙ্গল কাব্য (আখেটিক খণ্ড)' অবলম্বনে আলোচ্য মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

### একক -৪

৪। 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডের দশম অধ্যায় 'বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র বর্ণনে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ৫+৫

অথবা

'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে 'গৌরাঙ্গ অবতরণের হেতু' এবং তৎকালীন 'নবদ্বীপের অবস্থা'র পরিচয় দাও। ৫+৫

Turn Over



1056

৫। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২=১০

(ক) অভিনব হেম কল্পতরু সঞ্চরু
ভকত-ভ্রমরগণ ভোর।
– কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(খ) 'আমায় দেও মা তবিলদারী' – কার লেখা ? কোন্ পর্যায়ের পদ ? উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

(গ) ''শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।।''
– বক্তা কে ? কার উদ্দেশে এই উক্তি ? 'রাতা' শব্দের অর্থ কি ? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+১+২

(ঘ) ''ফলবন্ত বৃক্ষ আর গুণবন্ত জন।
নম্রতা সে তাহার স্বভাব অনুক্ষণ।।''
'চৈতন্যভাগবত'-এর কোন্ অধ্যায় থেকে নেওয়া হয়েছে ? 'দিগ্বিজয়ী' কে ? উদ্ধৃত অংশটির মর্মার্থ লেখো। ১+১+৩

——×——